ইত্তেফাক

তারিখ ৭।৩।৮১
পৃষ্ঠা

082

## 'কর্ম অভিজ্ঞতা' ও মাদ্রাসার ছাত্র

চলতি বছর হইতে স্কুল ও কলেজের সাথে সাথে ঘোষিত 'কর্ম অভিজ্ঞতা' নামক বিষয়ে মাদ্রাসার ছাত্রদেরও অংশগ্রহণ করিতে হইবে। নিরক্ষরতা দূরীকরণ নিঃসন্দেহে একটি প্রশংসনীয় উদ্যোগ। এবং ইহাতে সকলের অংশগ্রহণ করা উচিত। কিন্তু মাদ্রাসার ছাত্রগণকে সাধারণতঃ ৪টি ভাষা অধ্যয়ন করিতে হয়। যথা আরবী, উর্দু, বাংলা ও ইংরেজী। তাহাছাড়া মাদ্রাসার শিক্ষাব্যবস্থা তেমন একটা উন্নত নয়। এই কারণে দেখা যায় যে, আলীম পরীক্ষা বা অন্যান্য সেন্টার পরীক্ষায় স্বল্পসংখ্যক পরীক্ষার্থী পরীক্ষা দিয়া থাকে। আরবী বা অন্যান্য ভাষা আয়ত্তাধীন করা ও উহা হৃদয়ঙ্গম করা কঠিন হইয়া দাঁড়ায়। তাই দুই বৎসরের কোর্সে নির্বাচিত সিলেবাস নিয়া যথেষ্ট পরিশ্রমের পরেও উহা আয়ত্তাধীন হয় না। এমতাবস্থায় 'কর্ম অভিজ্ঞতা' নামক বিষয়ে কি করিয়া একজন সম্পূর্ণ নিরক্ষর ব্যক্তিকে অক্ষর জ্ঞান দান করা সম্ভব, ইহা আমাদের বোধগম্য হইতেছে না। মাত্র ৩ মাসে কখনো ইহা সম্ভব নয়।

সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের নিকট আবেদন, উল্লিখিত 'কর্ম অভিজ্ঞতা' বিষয়টি পরীক্ষার সাথে যোগ না করিয়া অন্য কোন উপায়ে ব্যবস্থা করিয়া (মাদ্রাসার ছাত্রগণকে) পরীক্ষায় কৃতকার্য হওয়ার পথ সুগম করিয়া দেওয়া হউক।

—মোঃ, আঃ, খায়ের আলীম, পরীক্ষার্থী, ৩০৪৯, নয়াটোলা, ঢাকা।